কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 3 APRIL 2026 ,FRIDAY | ৩ এপ্রিল ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-122

## এসআইআর বিক্ষোভে অবরুদ্ধ বারো নম্বর জাতীয় সড়ক ,ভাংচুর পুলিশের গাড়ি




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২ এপ্রিল :** এসআইআর বিক্ষোভে উত্তাল হয়ে উঠলো পুরাতন মালদহের মঙ্গলবাড়ি এলাকা। বৃহস্পতিবার ওই এলাকায় বারো নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন এস আই আর এ নির্বাচক তালিকা থেকে নাম বাদ যাওয়া স্থানীয় বাসিন্দারা। তারা জানান প্রয়োজনীয় কাগজপত্র জমা দেবার পরও তাদের নাম ভোটার তালিকা থেকে বাদ গিয়েছে। অবরোধের ফলে শুরু হয় ব্যপক যান জট,স্তব্ধ হয়ে যায় জাতীয় সড়কে যান চলাচল। উত্তরবঙ্গের সাথে সড়কপথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। অবরোধকারীদের দাবি তাদের নাম দ্রুত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। অভিযোগ এই এলাকায় প্রচুর মানুষের নাম বাদ গিয়েছে। অবরোধ এর খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অবরোধ তুলতে চাইলে বিক্ষোভকারীদের সাথে ধস্তাধস্তি শুরু হয় পুলিশের। অবরোধকারীরা ভাংচুর চালান পুলিশের গাড়িতে, তাদের ছোড়া ঢিলে পুলিশের গাড়ির চালকের মাথা ফেটেছে বলে অভিযোগ পুলিশের। অবশেষে জেলা প্রশাসনের হস্তক্ষেপে বিক্ষোভকারীরা বিক্ষোভ তুলে নেন।

## আলিপুরদুয়ার রবীন্দ্র ভবনে ভোটার তালিকায় নাম তোলার আবেদন জমা হচ্ছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ এপ্রিল :** রাজ্যে এসআইআর তালিকা প্রকাশিত হওয়ার পরেই দেখা গেছে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তের বিভিন্ন বুথের প্রচুর পরিমাণ ভোটারের নাম বাতিল হয়ে গেছে। বৃহস্পতিবার থেকে নাম কাটা দেওয়া ভোটারদের আবেদন পত্র জমা নেওয়া শুরু হয়েছে আলিপুরদুয়ার রবীন্দ্রভবনে। যদিও সিটু নেতা বিদ্যুৎ গুণ জানিয়েছেন পরিকল্পিতভাবে সংখ্যালঘু আদিবাসী এবং প্রান্তিক মানুষ দের ষরযন্ত্র করা হয়েছে। চরম অব্যবস্থার মধ্য দিয়ে আবেদনপত্র জমানা শুরু হয়েছে যার ফলে সাধারণ মানুষ ভোগান্তির শিকার হচ্ছেন।



# এসআইআর প্রক্রিয়ায় বাদ গিয়েছে নাম ,আলিপুরদুয়ার এক নম্বর ব্লক অফিসে বিক্ষোভ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ এপ্রিল :** এসআইআর এ নাম কাটা গেছে তাঁর জন্য পাতলাখাওয়া গ্রামপঞ্চয়েত সিমলাবাড়ি এলাকার সাধারণ মানুষ এসে বিক্ষোভ দেখালেন আলিপুরদুয়ার এক নম্বর ব্লক অফিসে। যদিও ব্লক অফিসে আগে থেকেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা ছিল। নাম কাটা যাওয়া ভোটাররা নানারকম অভিযোগ করছেন নির্বাচন দপ্তরের সঙ্গে জড়িত প্রশাসনিক কর্তাদের বিরুদ্ধে। এস আই আর এর তালিকা প্রকাশিত হওয়ার পরেই আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে বিক্ষোভ থেকে শুরু করে অবরোধ করছেন নাম কাটা দেওয়া ভোটার গন।

# গৃহবধূর শ্লীলতাহানি ,গ্রেপ্তার যুবক





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ এপ্রিল :** মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা ননীগোপাল পন্ডিতকে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে শামুকতলা রোড ফাড়ির পুলিশ। এক মহিলাকে মারধরের অভিযোগ উঠেছিল তার বিরুদ্ধে। ওই মহিলার শ্লীলতা হানি করে বলেও অভিযোগ তার বিরুদ্ধে। পাশাপাশি দুই পরিবারের বিবাদের জেরে মহিলার শ্লীলতাহানি করা হয়েছে। এরপরে পুলিশ তাকে গ্রেফতার করে বৃহস্পতিবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায়।

# আলিপুরদুয়ারে বৃদ্ধাকে পিষে দিল হাতি




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ এপ্রিল :** আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের পূর্ব কথলবাড়ি গ্রাম পঞ্চায়েতের যোগেন্দ্রনগর গ্রামে বৃহস্পতিবার সকালে একটি বিচ্ছিন্ন হাতির হামলায় এক বৃদ্ধার মৃত্যু হওয়ায় এলাকায় চরম উত্তেজনা ছড়িয়ে পড়ে।ঘটনাটি সকাল প্রায় ৬টা ৩০ মিনিট নাগাদ ঘটে, যখন ৬৫ বছর বয়সী সচিবালা দেবনাথ তাঁর ছাগল বাঁধতে পাশের একটি মাঠে গিয়েছিলেন। ভুট্টাক্ষেতে লুকিয়ে থাকা একটি বন্য হাতির উপস্থিতি তিনি বুঝতে পারেননি। আচমকাই হাতিটি তাঁর উপর ঝাঁপিয়ে পড়ে এবং ঘটনাস্থলেই তাঁকে পিষে মেরে ফেলে।এই মর্মান্তিক ঘটনার পর গ্রামবাসীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। বনদপ্তরের কর্মীদের পৌঁছাতে দেরি হওয়ায় উত্তেজনা আরও বাড়ে। সোনাপুর ফাঁড়ির পুলিশ দেহ উদ্ধার করতে ঘটনাস্থলে পৌঁছালেও, ক্ষুব্ধ গ্রামবাসীরা দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে পরিস্থিতি আরও উত্তপ্ত করে তোলে।পরবর্তীতে বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছালে উত্তেজিত জনতার মুখোমুখি হন। সূত্রের খবর, দুই বনকর্মীকে মারধর করা হয় বলে অভিযোগ ওঠে। এরপর পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী দ্রুত হস্তক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।সোনাপুর ফাঁড়ির ওসি মিংমা শেরপা বিশাল পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে পৌঁছান। পাশাপাশি জলদাপাড়া দক্ষিণ রেঞ্জের রেঞ্জ অফিসার রাজীব চক্রবর্তী এবং জলদাপাড়া পশ্চিম রেঞ্জের রেঞ্জার অয়ন চক্রবর্তী-সহ বনদপ্তরের ঊর্ধ্বতন আধিকারিকরাও গ্রামে এসে স্থানীয়দের সঙ্গে আলোচনা করেন।বনদপ্তর মৃতের পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণের ঘোষণা করলে সকাল প্রায় ১১টা নাগাদ পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয়। তবে এলাকায় বারবার হাতির অনুপ্রবেশের সমস্যা নিয়ে গ্রামবাসী ও প্রশাসনের মধ্যে আলোচনা চলতে থাকে।এদিকে, মৃতদেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।জলদাপাড়া বন বিভাগের ডিভিশনাল ফরেস্ট অফিসার পারভিন কাসওয়ান বলেন, "পূর্ব কথলবাড়ি এলাকায় হাতির হামলায় এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। আলোচনার মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। প্রাণহানি অত্যন্ত দুঃখজনক। সরকারি নিয়ম অনুযায়ী মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে।"



# ব্রাউন সুগার সহ গ্রেপ্তার এক মহিলা




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২ এপ্রিল :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের মাটিগাড়া থানার পুলিশ বুধবার রাতে অভিযান চালিয়ে ব্রাউন সুগার সহ এক মহিলাকে গ্রেপ্তার করে। জানা গেছে নির্ভরযোগ্য সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার রাতে মাটিগাড়া থানার পুলিশ থ্রী সিগন্যাল এলাকার ড্রাই ফিস মার্কেট লাগোয়া একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়িতে থাকা এক মহিলাকে আটক করে তল্লাশী চালিয়ে মহিলার হেফাজত থেকে উদ্ধার হয় একশ এক গ্রাম ব্রাউন সুগার, একটি মোবাইল ফোন। গ্রেপ্তার করা হয় মহিলাকে। ধৃত মহিলার নাম ফিরোজা বেগম (৪১), সে ওই এলাকার বাসিন্দা। পুলিশ সুত্রে জানানো হয় উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# উত্তর মাঝের ডাবরিতে সরকারি গাছে ঝুলছে রাজনৈতিক দলের পতাকা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ এপ্রিল :** সরকারি গাছ হোক কিংবা বিদ্যুতের খুঁটি নির্বাচনের আইনকে তোয়াক্কা না করে রাজনৈতিক দলগুলি সরকারি গাছ দখল করে রেখেছেন নিজেদের মধ্যে। মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের উত্তর মাঝের ডাবরি এলাকায় রাজ্য সড়কের পাশে এমনটাই দেখা গেল বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ। সরকারি আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে সরকারি গাছেই লাগানো রয়েছে দলীয় পতাকা। ফলে প্রশ্ন উঠছে নির্বাচন দপ্তরের এমসিসি টিমের দিকে। আলিপুরদুয়ার দুই ব্লকে সত্যিই কি তাহলে এমসিসি টিম সঠিকভাবে কাজ করছে না? যদিও এই প্রশ্নের উত্তর পাওয়া যায়নি নির্বাচন দপ্তরের সঙ্গে জড়িত কর্মকর্তাদের কাছ থেকে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |